কৃষিই সমৃদ্ধি

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)
কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০
(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)
www.badc.gov.bd

স্মারক নং-১২.২৪৩.০১৮.২৩.০১.০০১.২০১৪-৫৭৬ তারিখঃ ১৩ মে ২০১৮ খ্রিঃ।

যুগ্মপরিচালক (সার)
বিএডিসি, ঢাকা/বরিশাল

বিষয়ঃ বিগত ১২ এপ্রিল, ২০১৮ তারিখে কৃষি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত কৃষি মন্ত্রণালয়ের সরকারী সম্পত্তি উদ্ধার সংক্রান্ত "টাস্কফোর্স" এর ৫৬তম সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ সাধারণ পরিচর্যা বিভাগের ০৮/০৫/২০১৮ তারিখের ১৮২৫ নং স্মারকমূলে প্রাপ্ত পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত পত্রের পরিপ্রেক্ষিতে, বিগত ১২ এপ্রিল, ২০১৮ তারিখে কৃষি মন্ত্রণালয়ে টাস্কফোর্সের ৫৬তম সভায় সরকারী সম্পত্তি উদ্ধার সংক্রান্ত "টাস্কফোর্স" এর সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের মধ্যে পরিশিষ্ট-"ক" তে বর্ণিত সিদ্ধান্তসমূহ সার ব্যবস্থাপনা বিভাগের সহিত সম্পৃক্ত সিদ্ধান্তসমূহের বিপরীতে বাস্তবায়ন অগ্রগতি সাধারণ পরিচর্যা বিভাগে অতি দ্রুততার সহিত প্রেরণের জন্য সূত্রোক্ত স্মারকে নির্দেশনা প্রদান করা হয়।

এমতাবস্থায়, উপরের মর্মানুযায়ী সিদ্ধান্তসমূহের বিপরীতে বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন আগামী ১৫ মে, ২০১৮ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক।

(আশুতোষ লাহিড়ী)
মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)
বিএডিসি, ঢাকা।
ফোন: ৯৫৫ ৪০১৬

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১. যুগ্ম সচিব (সাঃপঃ), বিএডিসি, ঢাকা।
২. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
৩. উপসচিব (আইন),বিএডিসি, ঢাকা।
৪. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৫. প্রোগ্রামার (আইসিটি সেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের জন্য)।
৬. অফিস কপি।

পরিশিষ্ট-"ক"

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী দপ্তর |
|---|---|---|---|
| (০২) | (০২) বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) সংক্রান্তঃ<br>০৪. সাভার মৌজার বিএডিসি'র সার গুদাম এর ৩৩ শতক জমির মধ্যে আরএস রেকর্ডে বিএডিসি'র নামে ২৩ শতক রেকর্ড হয়েছে। অবশিষ্ট ১০ শতক জমি ব্যক্তির নামে রেকর্ড হয়েছে। উক্ত জমি উদ্ধারের জন্য যুগ্ম-জেলা জজ, ২য় আদালত, ঢাকায় দেঃ মোঃ নং-৫৯৪/১৪ দায়ের করা হয়েছে। মামলায় স্বাক্ষীর তারিখঃ ৩০/০৭/১৮। | সকল ডকুমেন্ট সংগ্রহ করে মামলাটি মোকাবেলা করতে হবে। | আইন বিভাগ, বিএডিসি, ঢাকা /যুগ্মপরিচালক (সার), বিএডিসি, ঢাকা |
| | ০৫. বিএডিসি'র সার গোডাউন নির্মাণের জন্য গাজীপুর জেলার টঙ্গী থানার মরকুন মৌজায় ০.৬৬ একর জমি অধিগ্রহন করা হয়। উক্ত জমির অবৈধ দখল উচ্ছেদ ও রেকর্ড সংশোধনের জন্য যুগ্ম জেলা জজ ২য় আদালত, গাজীপুরের দেঃ মোঃ নং-২৩৯/১৫ দায়ের করা হয়েছে। ইতোমধ্যে বিবাদী মৃত্যুবরণ করায় আরজি সংশোধন করা প্রয়োজন। পরবর্তী তারিখঃ ০৭/০৮/২০১৮। | প্রয়োজনীয় ডকুমেন্ট সংগ্রহ করে আরজি সংশোধন করতে হবে এবং সরকারী স্বার্থ সংরক্ষণে যথাযথ ব্যবস্থা নিতে হবে। | যুগ্মপরিচালক (সার), বিএডিসি, ঢাকা |
| | ০৬. মুন্সিগঞ্জ জেলার দেওভোগ মৌজার ০.৩৩ একর মালিকানা দাবী করে রেকর্ড সংশোধনের জন্য বিএডিসি কর্তৃক দেঃ মোঃ নং-৬৫/১৬ দায়ের করা হয়েছে এবং মোকাবেলার জন্য জেলা প্রশাসক, মুন্সিগঞ্জ'কে পত্র দেয়া হয়েছে। মামলার পরবর্তী তারিখঃ ০১/০৭/২০১৮। | ক) আরএস মালিকের বিরুদ্ধে রেকর্ড সংশোধনের জন্য দায়েরকৃত মামলা কজলিষ্টে আনার ব্যবস্থা করতে হবে। | যুগ্মপরিচালক (সার), বিএডিসি, ঢাকা |
| | ০৭. বিএডিসি'র বিভিন্ন অঞ্চলের সার গুদামের জন্য অধিগ্রহণকৃত ৯৪ একর এবং ক্রয়কৃত ৭ একর জমির তথ্যাদি অনুসন্ধান এবং অধিগ্রহণ/ক্রয়কৃত জমির তালিকা এ মন্ত্রণালয়ে প্রেরণ করা প্রয়োজন। ঢাকা জেলার দোহার ও নবাবগঞ্জ উপজেলায় বিএডিসির জমি সংশ্লিষ্ট দায়েরকৃত আরএস মালিকের বিরুদ্ধে মোকদ্দমা কজলিষ্টে আনতে হবে। | ক) নবাবগঞ্জ ও দোহার উপজেলার সমস্যাপূর্ণ জমির মালিকানা দাবীতে দায়েরকৃত মামলা যথাযথভাবে পরিচালনা করতে হবে।<br>খ) ঢাকা ব্যতীত সার বিভাগের ২০টি অঞ্চলের সার গুদামের জমির তালিকা এ মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ঐ |
| | ০৮. নারায়নগঞ্জ জেলার সিদ্ধিরগঞ্জ থানার বিএডিসি'র সার গোডাউনের জন্য আটি ও আজিবপুর মৌজায় ৯.০৫ একর জমি অধিগ্রহনকৃত জমির গেজেট বিজ্ঞপ্তি জারির জন্য জেলা প্রশাসক, নারায়নগঞ্জ এর সাথে যোগাযোগ করা প্রয়োজন। এ মন্ত্রলালয়ের প্রশাসন উইং থেকে এ বিষয়ে নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে পারেন। রিট পিটিশন নং-৪৭৯৭/০৫ কজলিষ্টে আনার ব্যবস্থা করা প্রয়োজন। | ক) আগামী মাসে আদালত খুললে মামলাটি মেনশন করে কজলিষ্টে আনতে হবে।<br>খ) অধিগ্রহণের গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, নারায়নগঞ্জকে পত্র দিতে হবে। | ঐ |
| | ০৯. ঢাকা জেলার দোহার উপজেলার বিএডিসি সার গোডাউনের জন্য অধিগ্রহনকৃত ০.১৬৫০ একর জমি আরএস রেকর্ড ব্যক্তির নামে হওয়ায় উক্ত রেকর্ড সংশোধনের জন্য একটি দেওয়ানী মোকদ্দমা দায়ের করা প্রয়োজন। | আগামী সভার পূর্বে রেকর্ড সংশোধনের মোকদ্দমা করতে হবে এবং দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে। | ঐ |
| | ১০. বরিশাল জেলার গৌরনদী উপজেলার বিএডিসি'র জমি একটি সরকারী কলেজের ছাত্রাবাস হিসেবে ব্যবহৃত হওয়ায় জেলা প্রশাসক, বরিশাল এর সাথে পত্র যোগাযোগের মাধ্যমে অবৈধ দখলদার উচ্ছেদের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। | অবৈধ দখলদার উচ্ছেদের জন্য মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট উইং হতে জেলা প্রশাসককে পত্র দিতে হবে। | যুগ্মপরিচালক (সার), বিএডিসি, বরিশাল |
| | ১১. বরিশাল জেলার কাউনিয়া উপজেলার কাউনিয়া মৌজার বিএডিসি'র জমির মিউটিশনের জন্য চলমান মামলা এবং জনৈক ব্যক্তি পূর্বমালিকের নিকট থেকে ক্রয় করে মালিকানা দাবী সংক্রান্ত মোকদ্দমাটি যথাযথভাবে মোকাবেলার ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। এছাড়াও ১.৯৪ একর জমিতে স্থানীয় জনগণ কর্তৃক স্থাপিত মাদ্রাসা উচ্ছেদ এবং গেজেট চ্যালেঞ্জ করে জনৈক ব্যক্তির দায়েরকৃত রীট পিটিশন নং-১০৪৩৪/১৪ মামলাটি দায়ের করেছেন। উক্ত মামলাটি যথাযথভাবে মোকাবেলা করা প্রয়োজন। | ১) মামলাসমূহ যথাযথভাবে মোকাবেলা করে নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>২) অবৈধ দখলদার উচ্ছেদের লক্ষ্যে জেলা প্রশাসক, বরিশালকে পত্র প্রেরণ করতে হবে। | ঐ |